



গুলশানে সীসা বারে অভিযান, ক্যাসিনো সেলিমসহ ৯ জন গ্রেফতার



সংগৃহীত ছবি

রাজধানীর গুলশানে অননুমোদিত সীসা বার পরিচালনার অভিযোগে ক্যাসিনো কাণ্ডে আলোচিত সেলিম প্রধানসহ মোট নয়জনকে গ্রেফতার করেছে পুলিশ। শনিবার (৬ সেপ্টেম্বর) ভোর ৪টার দিকে বারিধারার ডিপ্লোমেটিক জোনের নেব্রাস ক্যাফে প্যালেসে অভিযান চালিয়ে তাদের গ্রেফতার করা হয়।

গ্রেফতারকৃতরা হলেন সেলিম প্রধান, রাকিবুল ইসলাম রাফি, সাদিকুল ইসলাম সুমন, তৌফিকুল ইসলাম, রিফাত হাসান, রবিউল হাসান, মিনহাজুর রহমান তাজবীর, মেহেদী হাসান এবং সাইমুম ইসলাম।

পুলিশ জানায়, গোপন তথ্যের ভিত্তিতে ওই ক্যাফেতে অভিযান চালানো হয়। এ সময় পুলিশের উপস্থিতি টের পেয়ে তারা পালাবার চেষ্টা করলে তাদের গ্রেফতার করা হয়। ঘটনাস্থল থেকে ৭টি সীসা স্ট্যান্ড, ৫টি সীসার পাইপ, ৫টি সীসার প্যাকেট, ৫টি প্লাস্টিকের কৌটা এবং ৪৮ হাজার ৪৭০ টাকা জব্দ করা হয়েছে।

গ্রেফতারকৃতদের বিরুদ্ধে মাদকবিরোধী আইনে মামলা দায়ের করা হয়েছে।